# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Web site : www.bteb.gov.bd**

রক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৫(১০) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

## এসএসসি(ভোক) ও দাখিল (ভোক) নবম শ্রেণি সমাপনী পরীক্ষা ২০১৯ সংক্রান্ত নির্দেশাবলী

**চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি(ভোক) ও দাখিল (ভোক) নবম শ্রেণি সমাপনী পরীক্ষা-২০১৯ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে ঃ**

১. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী এর পর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হলে উক্ত পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, সেসন, টেকনোলজি ও বিলম্বের কারণ উল্লেখ করে একটি রেজিস্টারে এন্ট্রি করে রাখতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন বোর্ডকে অবহিত করতে হবে।

২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. ট্রেজারী/থানা লকার হতে প্রতিদিনের প্রশ্নপত্র কেন্দ্রে আনায়নের জন্য অবশ্যই দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বোর্ড প্রতিনিধি (ট্যাগ অফিসার) এবং কর্তব্যরত পুলিশ ফোর্স সংগে থাকতে হবে।

৪. প্রশ্নপত্রের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জেলা প্রশাসন এবং প্রয়োজনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেটকোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বোর্ড প্রতিনিধির (ট্যাগ অফিসার) প্রত্যায়নসহ পুলিশের উপস্থিতিতে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।

৫. পরীক্ষা চলাকালীন সময়ে ও এর আগে-পরে (পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ সময় পরীক্ষা কেন্দ্রে প্রবেশকৃত অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. অনিবার্য কারণে কোন পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় দিতে হবে।

৭. পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে তল্লাশী করার মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, তার নিকট অননুমোদিত কোন সামগ্রী (মোবাইল ফোন, ইলেকট্রনিক্স ডিভাইস/অননুমোদিত কাগজপত্র ইত্যাদি) নেই।

৮. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩ দিন পূর্বে ঐ কেন্দ্রে পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিতদের দায়িত্ব উল্লেখসহ নিয়োগাদেশ দিতে হবে এবং পরীক্ষার যাবতীয় নিয়মাবলী সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।

৯. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ/প্রধান শিক্ষক/সুপার পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থেকে সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনা করার লক্ষ্যে সার্বক্ষনিকভাবে তদারকি করবেন।

১০. ব্ল্যাংক উত্তরপত্র ভালভাবে যাচাই-বাছাই করে প্রতিদিনের পরীক্ষায় যে পরিমাণ উত্তরপত্র লাগবে তা পূর্ব থেকেই গণনা করে বেঁধে রাখতে হবে এবং নির্দিষ্ট পরীক্ষার দিনটিতে তা ব্যবহার করতে হবে। প্রতিদিনের উত্তরপত্র ব্যবহারের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে।

উল্লিখিত নির্দেশনাবলী ছাড়াও পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০১২ এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

**স্বাক্ষরিত/-**
**(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন- ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৫(১০) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ**

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিষ্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৭. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।
৮. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ/প্রধান শিক্ষক/সুপার, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Web site : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৬(৯) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

বিষয় ঃ চূড়ান্ত কেন্দ্র তালিকায় অর্ন্তভুক্তি ও কেন্দ্রের কেন্দ্র সচিব নিয়োগ।

আগামী ০২ নভেম্বর ২০১৯খ্রি. তারিখ থেকে অত্র বোর্ডের অধীন অনুষ্ঠেয় এসএসসি(ভোক) ও দাখিল (ভোক) নবম শ্রেণি পরীক্ষা ২০১৯ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানকে কেন্দ্র নির্বাচনপূর্বক আপনাকে উক্ত কেন্দ্রের কেন্দ্র সচিব নিয়োগ করা হয়েছে। কেন্দ্র সচিব হিসেবে নিম্নোক্ত দায়িত্বসমূহ/নির্দেশনা প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে ঃ

(১) পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রবেশপত্র ও পরীক্ষা সামগ্রী গ্রহণের ছক অনুযায়ী আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র ও অব্যবহৃত উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য পরীক্ষা সামগ্রী বোর্ড হতে গ্রহণ করতে হবে।

(২) পরীক্ষা সামগ্রী গ্রহণের সময় আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সংখ্যা হিসেব করে একটি চাহিদাপত্র তৈরি করে আনবেন।

(৩) কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের অনলাইনে প্রেরিত তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবহিক (TC ও PC) নম্বরের হার্ড কপি বোর্ডের ৭ম তলায় ভোকেশনাল শাখায় যথাসময়ে জমা দান নিশ্চিত করবেন।

(৪) এরূপ জমা না দেয়া প্রতিষ্ঠানকে প্রবেশপত্র প্রদান করা যাবে না।

(৫) কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের নিকট বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বকেয়া পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের আগেই তা পরিশোধ করতে হবে।

(৬) সুষ্ঠুভাবে ব্যবহারিক পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে প্রতি বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শিক্ষককে তাদের প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য অভ্যন্তরিন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহির থেকে অনাভ্যন্তরিণ পরীক্ষক নিয়োগ করে তাদের দ্বারা পরীক্ষা পরিচালনা করতে হবে।

(৭) ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর নির্ধারিত তারিখে কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের সকল পরীক্ষার্থীর অন লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বরের (PF) হার্ড কপি ও হাজিরাশিট রোল নং এর ক্রম অনুযায়ি বই আকারে বাঁধাই করে যথাসময়ে অবশ্যই বোর্ডের ৭ম তলা ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

**স্বাক্ষরিত/-**
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

প্রাপক ঃ

প্রতিষ্ঠান প্রধান/কেন্দ্র সচিব (পরীক্ষা কেন্দ্র)
(সকল)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৬(৯) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]

২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। জেলা প্রশাসক.......................................................... (সকল)।

৬। উপজেলা নির্বাহী অফিসার .............................................. (সকল)।

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ নূর-এ-ইলাহী)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৭(৯) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

বিষয় ঃ ২০১৯ সনের এসএসসি (ভোকঃ)/ দাখিল (ভোকঃ) নবম শ্রেণির সমাপনী পরীক্ষা পরিচালনা সংক্রান্ত।

আগামী ০২ নভেম্বর ২০১৯ তারিখ হতে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধীন এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) নবম শ্রেণী সমাপনী পরীক্ষার জন্য বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও আপনাকে উক্ত কেন্দ্রের কেন্দ্র সচিব নিয়োগ করা হ'ল। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণকল্পে আপনাকে প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক (ইনভিজিলেটর), অভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক, সাধারণ সহকারি/কর্মচারি ইত্যাদি নিয়োগ এবং পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী কেন্দ্রের সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারীদের পারিশ্রমিক পরিশোধের ক্ষমতা অর্পন করা হ'ল।

১. পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় জেলা/উপজেলা ও পুলিশ প্রশাসনের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের হাজিরা শিট, পরীক্ষাসংক্রান্ত তথ্য বিবরণী ও ব্যবহারিক পরীক্ষার চূড়ান্ত নম্বরপত্র সঠিকভাবে, নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে পৌঁছানোর নিমিত্ত বোর্ড কর্তৃক জারীকৃত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি অনুসরণ করার জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হ'ল।

২. প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শির এক চতুর্থাংশ আপনার প্রতিষ্ঠান হতে এবং অবশিষ্ট তিন চতুর্থাংশ পরিদর্শী নিকটবর্তী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের জন্য আপনাকে অনুরোধ জানানো হল। কোন পরিদর্শী তার নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে দায়িত্ব পালন করতে পারবেন না।

৩. সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজস্ব কেন্দ্রে/প্রতিষ্ঠানে জেলা/উপজেলা প্রশাসনের সাথে আলোচনা করে পরীক্ষা গ্রহণ করতে হবে। পূর্বের ন্যয় ভেন্যু কেন্দ্র হবে না।

৪. নকলমুক্ত পরিবেশ সৃষ্টি এবং নকল প্রতিরোধের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনার কেন্দ্র নকলপ্রবণ হিসেবে চিহ্নিত হলে ভবিষ্যতে কেন্দ্র বাতিল হবে।

৫. পরীক্ষা কক্ষের আসন ব্যবস্থা ১ বর্গ মিটার দূরত্বে হতে হবে এবং বোর্ড কর্তৃক প্রদত্ত রোল নম্বরের ক্রমানুসারে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এর কোন ব্যতিক্রম হলে পরবর্তীতে আপনার প্রতিষ্ঠানের কেন্দ্র বাতিল করা হবে।

৬. বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ (বোর্ড থেকে সংগ্রহ করতে হবে) অনুসরণ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।

৭. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থানীয়ভাবে গঠনকৃত ভিজিলেন্স টিম জেএসসি/জেডিসি পরীক্ষার সাথে এসএসসি(ভোকঃ) ও দাখিল(ভোকঃ) নবম শ্রেণী সমাপনী পরীক্ষার সরেজমিন মনিটরিং-এর দায়িত্বে থাকবেন।

৮. নির্ধারিত সময়ের মধ্যে সকল নম্বর (TC,PC,PF ও IA নম্বর) অনলাইনের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৯. কেন্দ্রাধীন পরীক্ষার্থীদের হাজিরাশিট রোলের ক্রম অনুযায়ী অবশ্যই বই আকারে বাঁধাই করে পরীক্ষা সমাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে বোর্ডের ভোকেশনাল শাখায় পৌঁছাতে হবে। অন্যথায় বিধি মোতাবেক কেন্দ্রের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. সকল পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক) গ্রহণ শেষে অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের সংকলিত তথ্য অনলাইনে প্রেরণ করতে হবে এবং হার্ড কপিও পরবর্তীতে ভোকেশনাল শাখা (৭ম তলা) হাজিরাশিট জমা দানকালে দাখিল করতে হবে। বহিস্কারের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২, ৩ যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দৈনন্দিন পরীক্ষার তথ্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কন্ট্রোল রুমে প্রেরণ করতে হবে।

১১. পরীক্ষার দিনের উত্তরপত্র ব্যবহার সম্পর্কিত হিসাব পরীক্ষা শেষ হওয়ার সাথে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করতে হবে, (লিথো টপ=ব্যবহৃত উত্তরপত্র=উপস্থিত পরীক্ষার্থী)

১২. পরীক্ষার দৈনন্দিন তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক মেইল করতে হবে ( পরীক্ষা নিয়ন্ত্রক-controller@bteb.gov.bd ও paulksusil@yahoo.com, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)-nooreilahi61@gmail.com, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-mdsarder.bteb@gmail.com)।

| ক্রমিক নং | মোট পরীক্ষার্থী | উপস্থিত | অনুপস্থিত (রোলসমূহ) |
|---|---|---|---|
| | | | |

উল্লিখিত নির্দেশাবলী যথাযথ ভাবে পালন করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**স্বাক্ষরিত/-**
**(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

প্রাপক ঃ
অধ্যক্ষ/কেন্দ্রসচিব (সকল)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৭(৯) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। জেলা প্রশাসক.....................................................................................(সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার.......................................................................(সকল)।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নূর-এ-ইলাহী)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৮(৭) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

বিষয় ঃ ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ) / দাখিল(ভোকঃ) নবম শ্রেণী সমাপনী পরীক্ষার ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও এর নম্বর বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০২ নভেম্বর ২০১৯ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ)/ দাখিল (ভোকঃ) নবম শ্রেণির সমাপনী পরীক্ষায় আপনার কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণকল্পে নিম্নোক্ত নির্দেশাবলি অনুসরণ করতে হবে ঃ

১। ব্যবহারিক পরীক্ষা সংশ্লিষ্ট কেন্দ্রে গ্রহণ করতে হবে।

২। কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের সুবিধা না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে কেন্দ্র সচিব কেন্দ্রভূক্ত যে কোন প্রতিষ্ঠানে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৩। তাত্ত্বিক পরীক্ষা শেষে ১৭/১১/২০১৯ তারিখ থেকে ২৩/১১/২০১৯ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৪। অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিষয় শিক্ষক অভ্যন্তরীণ এবং বাহিরের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক অনাভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। ব্যবহারিক উত্তরপত্রগুলো রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে কেন্দ্রে সংরক্ষণ করতে হবে যেন চাহিবামাত্র তা বোর্ডে পাঠানো সহজ হয়।

৬। ব্যবহারিক পরীক্ষা শেষে বিষয়ভিত্তিক ব্যবহারিক নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রিন্ট করতে হবে।

৭। ২৬ নভেম্বর ২০১৯ হতে ২৭ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে ব্যবহারিক নম্বরের হার্ডকপি কেন্দ্রসচিব/তাঁর প্রতিনিধির মাধ্যমে ভোকেশনাল শাখায় জমা দিতে হবে। হার্ডকপি অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষক কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত হতে হবে।

৮। অনলাইনে নম্বর এন্ট্রিতে কোনরূপ জটিলতা/সমস্যা হলে বোর্ডের কম্পিউটার সেলে (মোবাইল ঃ ০১৫৫০৬২০৬০৪) যোগাযোগ করা যেতে পারে।

স্বাক্ষরিত/-

**(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

প্রাপক ঃ

কেন্দ্র সচিব (সকল)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৮(৭) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১-৩। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। জেলা প্রশাসক ............................................................... (সকল)।

৫। উপজেলা নির্বাহী অফিসার............................................................ (সকল)

৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৭। সংশ্লিষ্ট নথি।

১৩/১০/১৯

**(মোঃ নূর-এ-ইলাহী)**

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)

ফোন ঃ ০২-৫৫০০৬৫২৭

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
ভোকেশনাল শাখা
**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৯(৭) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

বিষয় ঃ ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ)ও দাখিল (ভোকঃ) নবম শ্রেণি সমাপনী পরীক্ষার বাস্তব প্রশিক্ষণ নম্বর বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসসি (ভোকঃ) ও দাখিল (ভোকঃ) শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান-২০১২ অনুযায়ী পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার্থীদের ৪ (চার) সপ্তাহের জন্য শিল্প-কারখানায় বাস্তব প্রশিক্ষণে প্রেরণের বিধান রয়েছে। সে মোতাবেক তাত্ত্বিক ও ব্যবহারিক পরীক্ষা শেষে আগামী ২৫/১১/২০১৯ তারিখ থেকে বাস্তব প্রশিক্ষণ শুরু করে ০৪/০১/২০২০ তারিখে তা শেষ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর ০৭/০১/২০২০ তারিখের মধ্যে বাস্তব প্রশিক্ষনের মূল্যায়নী নম্বর ট্রেডভিত্তিক অনলাইনে প্রেরণ করতে হবেএবং ১২ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে-এর হার্ড কপি বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

**স্বাক্ষরিত/-**
**(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

প্রাপক ঃ

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৮৯(৭) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১-৩। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক.........................................................................(সকল)।
৫। উপজেলা নির্বাহী অফিসার..........................................................(সকল)।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সংশ্লিষ্ট নথি।

১৩/১০/১৯

**(মোঃ নূর-এ-ইলাহী)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯০(২১৩৪) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

বিষয় ঃ <u>এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা-২০১৯ এর কেন্দ্র তালিকা ও পরীক্ষার সময়সূচি প্রেরণ প্রসংঙ্গে।</u>

আগামী ০২-১১-২০১৯ তারিখ হতে দেশব্যাপী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকঃ)/ দাখিল(ভোকঃ) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা আরম্ভ হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের একটি করে তালিকা ও একটি করে পরীক্ষার সময়সূচির কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসংঙ্গে প্রেরণ করা হ'ল।

স্বাক্ষরিত/-<br>
**(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**<br>
পরীক্ষা নিয়ন্ত্রক<br>
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা<br>
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

**প্রাপক ঃ**

**জেলা প্রশাসক (সকল)**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯০(২১৩৪) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।<br>
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]

২-৪৬৪। উপজেলা নির্বাহী অফিসার, ........................................................................

৪৬৫-২১৩২। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ........................................................................

২১৩৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২১৩৪। সংশ্লিষ্ট নথি।

১৩/১০/১৯

**(মোঃ নূর-এ-ইলাহী)**<br>
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ)<br>
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Web site : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯১(১০) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

বিষয় ঃ এসএসসি(ভোকঃ) ও দাখিল(ভোকঃ) নবম শ্রেণী সমাপনী পরীক্ষা-২০১৯ এর পরীক্ষা গ্রহণ এবং ভিজিলেন্স টিম গঠন প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০২ নভেম্বর ২০১৯ তারিখ হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি(ভোকঃ)/দাখিল(ভোকঃ) শিক্ষাক্রমের নবম শ্রেণির চূড়ান্ত পরীক্ষা আরম্ভ হবে। সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে উক্ত পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্ত নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজস্ব প্রতিষ্ঠানে নির্বাচন করে পরীক্ষা গ্রহণের সদয় ব্যবস্থা নিতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল। পূর্বের ন্যয় ভেন্যু কেন্দ্র নির্বাচনের প্রয়োজন নেই। তবে সুষ্ঠ পরীক্ষা গ্রহণের স্বার্থে স্থানীয় প্রশাসন প্রয়োজনে কেন্দ্রের সকল পরীক্ষার্থীদেরকে ভেন্যু কেন্দ্র নির্ধারণ করে পরীক্ষা গ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে বোর্ডকে অবহিত করতে হবে। উল্লেখ্য নিজ প্রতিষ্ঠানের শিক্ষক কোন ভাবেই নিজ প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষ পরিদর্শী হতে পারবেন না।

পরীক্ষা কেন্দ্রের তত্ত্বাবধায়ন এবং প্রতিটি কেন্দ্রের পরীক্ষা পরিদর্শনের জন্য একটি পরিদর্শক দল (ভিজিলেন্স টীম) গঠন ও পরীক্ষা কেন্দ্রের শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য একজন ম্যাজিস্ট্রেট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানান হ'ল।

**স্বাক্ষরিত/-**

**( ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

**প্রাপক ঃ**

**জেলা প্রশাসক** (সকল)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯১(১০) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]

২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

৩। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

৪-৬। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৭। উপজেলা নির্বাহী অফিসার(সকল)।

৮। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।

৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

১০। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ নূর-এ-ইলাহী)**

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)

ফোন ঃ ০২-৫৫০০৬৫২৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯২(৮) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

**বিষয় ঃ এসএসসি (ভোকঃ) ও দাখিল (ভোকঃ) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষা-২০১৯ এর দৈনিক প্রতিবেদন (Report) প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য মনোনীত কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা; উপস্থিত, অনুপস্থিত, বহিস্কৃত পরীক্ষার্থীর সংখ্যা এবং বহিস্কৃত পরিদর্শকের সংখ্যা (যদি থাকে) প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার অব্যবহিত পর অত্র বোর্ডে স্থাপিত কেন্দ্রিয় পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে গ্রহণ করা হবে। সে মোতাবেক অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের নিম্নেবর্ণিত টেলিফোন, মোবাইল, নম্বরে সংশ্লিষ্ট তথ্যাদি জানানোর/প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল। আপনার অফিসে স্থাপিত পরীক্ষা সংক্রান্ত কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন, মোবাইল নম্বর ইত্যাদি কারিগরি শিক্ষা বোর্ডকে জানানোর জন্যও অনুরোধ জানাচ্ছি।

মোবাইল ঃ- ০১৭৫১০৩৫০৩৬,০১৭১৭৭৯৬৫০৩,০১৭১৭২৩২৬৮৪,০১৯৯৬৫০৮১৮৭

টেলিফোন নম্বর ঃ ০২-৫৫০০৬৫২৭, ০২-৫৫০০৬৫২৫

বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ।

**স্বাক্ষরিত/-**
**(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯২(৮) তারিখ ঃ ১৩-১০-২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]

২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। উপজেলা নির্বাহী অফিসার(সকল), (আপনার উপজেলার আওতাধীন কেন্দ্রসমূহের প্রতি দিনের উল্লেখিত তথ্যসমুহ জেলা প্রশাসক মহোদয়ের বরাবরে পরীক্ষা সমাপ্তির পর জরুরি ভিত্তিতে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল)

৬। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল), (আপনার কেন্দ্রের প্রতি দিনের উল্লেখিত তথ্যসমুহ জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের নিকট পরীক্ষা সমাপ্তির পর জরুরি ভিত্তিতে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল)

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৮। সংশ্লিষ্ট নথি।

১৩/১০/১৯

**(মোঃ নূর-এ-ইলাহী)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ)
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৭

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯৩(৯) তারিখ ঃ ১৪-১০-২০১৯ খ্রি.

বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষা-২০১৯-গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৯ সনের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষা ৯০৫টি কেন্দ্রে একযোগে ০২ নভেম্বর ২০১৯ খ্রি. হতে আরম্ভ হবে (সময়সূচি কপি সংযুক্ত)। সময়সূচি অনুযায়ী ০২/১১/২০১৯ হতে ১৬/১১/২০১৯ খ্রি. পর্যন্ত তাত্ত্বিক পরীক্ষা এবং ১৭/১১/২০১৯ হতে ২৩/১১/২০১৯ খ্রি. পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা চলবে। পরীক্ষা শেষে ঐ দিনের উত্তরপত্র সমূহ ডাকযোগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট পোষ্ট অফিসসমূহ খোলা রাখাসহ আইন শৃংখলা রক্ষার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

সুষ্ঠ, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে সময়সূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠানের লক্ষে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন (ঢাকা/ রাজশাহী/ রংপুর/ খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় সদর কেন্দ্রসমূহের ক্ষেত্রে মেট্রোপলিটন পুলিশ) কর্তৃপক্ষকে পরীক্ষা কেন্দ্রের তত্ত্বাবধান, প্রশ্নপত্রের হেফাজত ও সংরক্ষণ, প্রতিটি কেন্দ্রের পরীক্ষা পরিদর্শনের জন্য একটি করে ভিজিলেন্স টিম গঠন করার নির্দেশনা দানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ
১। পরীক্ষার সময়সূচি ঃ ৫ সেট।
২। কেন্দ্র তালিকা ঃ ১ সেট।

১৪/১০/১৯
(ড. মোঃ মোরাদ হোসেন মোল্যা)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৮১৪৩৭২৪

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
পরিবহণ পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, (কারিগরি)]।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫-৯৩(৯) তারিখ ঃ ১৪-১০-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**ঃ

০১. কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ ।
০২. জেলা প্রশাসক, সকল জেলা।
০৩. সুপারিনটেনডেন্ট অব পুলিশ, সকল জেলা।
০৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা সকল উপজেলা। আপনার উপজেলায় অবস্থিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল ( ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষার প্রশ্নপত্রের প্যাকেটসমূহ (সময়সূচি উল্লেখপূর্বক) ট্রেজারিতে প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্যাকেটসমূহ প্রাপ্তির অব্যবহিত পরই সেগুলো ট্রেজারিতে সংরক্ষণ ও এতদসংগে প্রেরিত সময়সূচিতে বর্ণিত নির্ধারিত তারিখে পরীক্ষা আরম্ভ হওয়ার এক ঘন্টা পূর্বে নির্দিষ্ট বিষয়ের প্রশ্নপত্র রক্ষিত সীলমোহরকৃত খাম/খামসমূহ পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট অর্পন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরীক্ষা সংক্রান্ত প্রাথমিক কাজ যথা-সময়সূচির সাথে ট্রেজারিতে রক্ষিত প্রশ্নপত্রের খামসমূহের তারিখ লিপিবদ্ধতা মিলিয়ে দেখা, ইনভিজিরেটরদের তালিকা প্রণয়ন, পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়ন ও পরীক্ষা পরিচালনা কল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সর্বোচ্চ সহায়তা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
০৫. সংশ্লিষ্ট থানা অফিসার ইনচার্জ (পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়ন, আইন শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সহয়তা প্রদানের অনুরোধ)।
০৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৭. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কেন্দ্র (সময় মোতাবেক পরীক্ষার গ্রহণের জন্য জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে যোগাযোগ করতে ও সর্বোচ্চ সহায়তা গ্রহণের অনুরোধসহ)।
০৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. সংশ্লিষ্ট নথি।

১৪/১০/২০১৯খ্রি.
(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩ (অফিস)।